

া সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩১৬৪

৫০/ কুরআন তাফসীর (ﷺ) পরিচ্ছেদঃ সূরা আল-আম্বিয়া

بَابُّ: وَمِنْ سُورَةِ الأَنْبِيَاءِ

আরবী

حَدَّثَنَا مُجَاهِدُ بْنُ مُوسَى، _ بَغْدَادِيٌّ _ وَالْفَضْلُ بْنُ سَهْلِ الأَعْرَجُ بَغْدَادِيٌّ وَعَيْرُ وَاحِدٍ قَالُوا حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ غَزْوَانَ أَبُو نُوحٍ، حَدَّثَنَا لَيْثُ بْنُ سَعْد، عَنْ مَالِكِ بْنِ أَنَسٍ، عَنِ النَّهِرِيّ، عَنْ عُرْوَة، عَنْ عَائِشَة، أَنَّ رَجُلاً، قَعَدَ بَيْنَ يَدَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالَ يَا رَسُولَ اللَّهِ إِنَّ لِي مَمْلُوكَيْنِ يُكْذِبُونَنِي وَيَخُونُونَنِي وَيَعْصُونَنِي وَأَشْتُمهُمْ وَاللَّهُ مِقَالُكَ إِيَّاهُمْ فَوْلَ ثَكْدُبُونَنِي وَيَخُونُونَنِي وَيَعْصُونَنِي وَأَشْتُمهُمْ وَأَصْرُبُهُمْ فَكَيْفَ أَنَا مِنْهُمْ قَالَ " يُحْسَبُ مَا خَانُوكَ وَعَصَوْكَ وَكَذَبُوكَ وَعِقَابُكَ إِيَّاهُمْ فَإِنْ كَانَ عِقَابُكَ إِيَّاهُمْ دُونَ كَانَ عِقَابُكَ إِيَّاهُمْ فَوْقَ ذُنُوبِهِمُ اقْتُصَّ لَهُمْ مِنْكَ الْفَضْلُ " . كَانَ عِقَابُكَ إِيَّاهُمْ فَوْقَ ذُنُوبِهِمُ اقْتُصَّ لَهُمْ مِنْكَ الْفَضْلُ " . قَالَ فَتَنَعُ الْمَوَازِينَ الْقِسْطُ لِيَوْمِ الْقِيَامَةِ فَلاَ تُظْلَمُ نَفْسٌ شَيْئًا وَإِنْ كَانَ مِثْقَالَ وَلَالَهِ يَا رَسُولَ اللَّهِ مَا أَجِدُ لِي وَلِهَوْلاَ عَشَيْنًا خَيْرًا مِنْ مُفَارَقَتِهِمْ فَاللَّهُ عَلَيْكَ أَنَّهُمْ أَحْرَارٌ كُلَّهُمْ الْوَلِي اللَّهِ مَا أَجِدُ لِي وَلِهَوْلاَ عَقْلاً كَوْسُ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ مُقَالَ الرَّجُلُ وَاللَّهِ يَا رَسُولَ اللَّهِ مَا أَجِدُ لِي وَلِهَوْلاَ عَرْبِهُ لَا لَا عَيْرُا مِنْ مُفَارَقَتِهِمْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ غَزْوَانَ وَقَدْ رَوَى أَحْمَدُ بْنُ حَنْبُلٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ غَزْوَانَ وَقَدْ رَوَى أَحْمَدُ بْنُ حَنْبُلٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ غَزْوَانَ وَقَدْ رَوَى أَحْمَدُ بْنُ حَنْبُلٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ غَزْوَانَ وَقَدْ رَوَى أَحْمَدُ بْنُ حَنْبُلٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ غَزْوَانَ هَذَا لَكُونَ مَقَالَ الْحَدِيثَ عَبْدِ الرَّحْمَنِ بْنِ غَزْوَانَ وَقَدْ رَوَى أَحْمَدُ بْنُ حَنْبُلِ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ غَزْوَانَ وَقَدْ رَوَى أَحْمَدُ بْنُ حَنْبُلِ عَنْ عَبْدِ الرَّحَمَنِ بْنِ غَزْوَانَ وَقَدْ رَوَى أَحْمَدُ بْنُ حَنْبُلُ عَنْ عَبْدِ الرَّعَوْنَ عَنْونَ فَالَ فَا لَكُهُ إِللَّهُ لِللْهُ عَلْمُ لَا لَكُولُولُولَوْلُولُولُولُولُولُول

বাংলা

৩১৬৪. মুজাহিদ ইবন মূসা বাগদাদী এবং ফাযল ইবন সাহল আ'রাজ প্রমুখ (রহঃ) আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত যে, এক ব্যক্তি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সামনে এসে বসে বলল, ইয়া রাসূলাল্লাহ্! আমার গোলাম আছে। তারা আমার সাথে মিথ্যা বলে, আমার সাথে খেয়ানত করে। আমার নাফরমানী করে। আমি এদের গাল-মন্দ করি মারধর করি। সুতরাং তাদের বিষয়ে আমি কেমন?



তিনি বললেনঃ তোমার সঙ্গে তারা যে খেয়ানত করেছে, নাফরমানী করেছে ও মিথ্যা বলেছে আর তুমি এ সবের জন্য তাদের যে শান্তি দিয়েছ তা হিসাব করা হবে। তোমার শান্তি প্রদান যদি তাদের অপরাধের সম পরিমাণ হয়ে থাকে তবে তা বরাবর হয়ে গেল, তুমিও কিছু পাবে না এবং তোমার কিছু ক্ষতিও হবে না। আর তোমার শান্তি যদি এদের অপরাধের চেয়ে কম পরিমাণের হয় তবে অতিরিক্ত তোমার পাওনা থাকবে। আর তোমার শান্তি যদি তাদের অপরাধের চেয়ে বেশি হয়ে থাকে তবে যা অতিরিক্ত হয়েছে, তোমার নিকট থেকে তার প্রতিশোধ নেওয়া হবে।

রাবীগণ বলেনঃ লোকটি একপাশে সরে গিয়ে চীৎকার করে কাঁদতে লাগল। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তুমি কি আল্লাহর কিতাব পাঠ কর নাঃ

এবং কিয়ামত দিবসে আমি স্থাপন করব মানদন্ত, সুতরাং কারো প্রতি কোন অবিচার হবে না (২১ঃ ৪৭)।

লোকটি বললঃ ইয়া রাসূলাল্লাহ্! আল্লাহুর কসম, এদের পৃথক করে ছেড়ে দেওয়া ছাড়া আমার ও তাদের জন্য অন্য কিছু পাচ্ছি না। আপনাকে সাক্ষী রেখে বলছি। এরা সব আযাদ।

হাদীসটি গারীব। আবদুর রহমান ইবন গাযওয়ান (রহঃ) এর রিওয়ায়ত ছাড়া এটি সম্পর্কে আমাদের কিছু জানা নেই। আহমদ ইবন হাম্বল (রহঃ) এ হাদীসটি আবদুর রহমান ইবন গাযওয়ান (রহঃ) থেকে বর্ণনা করেছেন।

সহীহ, তিরমিজী হাদিস নম্বরঃ ৩১৬৫ [আল মাদানী প্রকাশনী]

English

Narrated 'Aishah:

that a man came and sat in front of the Messenger of Allah (ﷺ) and said: "O Messenger of Allah! I have two slaves who lie to me, deceive me, and disobey me, and I scold them and hit them. So what is my case because of them?" He said: "The extent to which they betrayed you, disobeyed you and lied to you will be measured against how much you punish them. If your punishing them is equal to their sins, then the two will be the same, nothing for you and nothing against you. If your punishing them is above their sin, some of your rewards will be taken from you and given to them." So the man left, and began weeping and crying aloud. The Messenger of Allah (ﷺ) said: "You should read what Allah said in His Book: 'And We shall set up the Balances of justice on the Day of Resurrection, then none will be dealt with unjustly in anything...' to the rest of the Ayah (21:47). So the man said: "By Allah, O Messenger of Allah! I see nothing better for myself, than me parting



with them. Bear witness that they are all free."

ফুটনোট

উক্ত হাদিসটি ইসলামিক ফাউন্ডেশন সূরা ত্বহার অধীনে এনেছে কিন্তু এটি হবে সূরা আম্বিয়ার।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন